রহস্যময় ব্যক্তির মুখোমুখি রানাকে জেরার ভাবনা

নয়াদিল্লি: ২৬/১১ মুম্বই হামলার অন্যতম পান্ডা তাহাউর রানাকে জেরা করে এক সন্দেহভাজন ব্যক্তির কথা আগেই জানতে পেরেছিল কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা এনআইএ। হামলার অন্যতম ষড়যন্ত্রী ডেভিড কোলম্যান হেডলিকে সাহায্য সহায়তা করার জন্য 'এমপ্লয়ি বি' নামে এক কর্মীকে নিযুক্ত করেছিল রানা বলে জানতে পেরেছে এনআইএ। ওই ব্যক্তিকে সামনাসামনি বসিয়ে রানাকে জেরা করা হতে পারে। জানা গিয়েছে, ওই ব্যক্তির সন্ত্রাসবাদী কার্যকলাপ সম্পর্কে কোনও জ্ঞান ছিল না। মূলত, হেডলিকে দেখাশোনা, ঘরের কাজ করে দেওয়ার জন্যেই তাঁকে রাখা হয়েছিল। এনআইএ সূত্র আরও জানিয়েছে, রানা হেডলিকে কেবল ভিসা পেতেই নয়, তার মুসলিম পরিচয় এবং পাকিস্তানি বংশোদ্ভূত পরিচয় গোপন করতেও সহায়তা করেছিল। রানার বিরুদ্ধে করাচি থেকে হেডলির জন্য বিমানের টিকিট বুক করা এবং হেডলির মরক্কোর স্ত্রী ফয়জা আউটালাহের জন্য নথি তৈরিতেও সহায়তা করার অভিযোগ রয়েছে।

রানার সঙ্গে ডন দাউদ ইব্রাহিমের যোগাযোগ ছিল বলে মনে করা হচ্ছে। রানাকে তা নিয়ে জিজ্ঞাসাবাদ করছেন তদন্তকারীরা। পিটিআই জানিয়েছে, রানার কয়েক ডজন ফোনালাপ ঘেঁটে দেখা হচ্ছে। তার অধিকাংশই অপর অভিযুক্ত ডেভিড হেডলির সঙ্গে। এই ফোনালাপে দাউদ-যোগের ইঙ্গিত মিলতে পারে বলে অনুমান কেন্দ্রীয় তদন্তকারীদের। জঙ্গি সংগঠন লস্কর-এ-তোইবার সঙ্গে রানার যোগ ছিল, অনেক দিন ধরেই দাবি করে আসছে এনআইএ। পাকিস্তানের গোয়েন্দা সংস্থা আইএসআই-এর সঙ্গেও রানা যোগাযোগ রাখতেন কি না, খতিয়ে দেখা হচ্ছে। এ ধরনের তদন্তের স্বার্থে তাহাউরের কণ্ঠস্বরের নমুনা সংগ্রহ করার কথাও ভাবছে এনআইএ। রানার ফোন কল রেকর্ডের সঙ্গে সেই কণ্ঠস্বর মিলিয়ে দেখা হবে। কণ্ঠস্বরের নমুনা সগ্রহের জন্য রানার অনুমতি নেওয়ার প্রয়োজন রয়েছে। তবে সম্মতি না পেলে আদালতের দ্বারস্থ হওয়ার পথ খোলা রয়েছে এনআইএ-এর কাছে।

পাক বংশোদ্ভূত কানাডার নাগরিক তাহাউর রানাকে জেরা করে ইতিমধ্যে দুবাই যোগ পেয়েছেন তদন্তকারীরা। এক অজ্ঞাত পরিচয় ব্যক্তির সন্ধান মিলেছে যার সঙ্গে রানা মুম্বই হামলার আগে দুবাইয়ে দেখা করেছিল।

ধনকুবের বাবার কত সম্পত্তি সন্তানের?

মাইক্রোসফট, অ্যামাজন, অ্যাপল-এর মতো সংস্থার 'টেক টাইটান'রা তাঁদের বিপুল সম্পত্তি পরবর্তী প্রজন্মের হাতে তুলে দিচ্ছেন? না কি পারিবারিক ব্যবসা হিসাবে সন্তানদের মধ্যেই ধনসম্পদ কুক্ষিগত করে রাখতে চাইছেন? ভারতে এইচসিএল কর্তা শিব নাদারের সম্পত্তি ৩,১৮০ কোটি মার্কিন ডলার। ৪৭ শতাংশ অংশীদারিত্ব দিয়েছেন কন্যা রোশনিকে। গত বছর তাঁর সংস্থা ভারতে দান করে ২,৪৫৩ কোটি টাকা। কোন শিল্পপতি সন্তানকে কত সম্পত্তি দিলেন? দেখা যাক-

মুকেশ আম্বানি

৯,০২০ কোটি মার্কিন ডলার

■ ভারত তথা এশিয়ার ধনীশ্রেষ্ঠ মুকেশ তিন সন্তান ইশা, আকাশ, অনন্তের মধ্যে রিলায়েন্স ইন্ডাস্ট্রিজের সম্পদ সমানভাগে ভাগ করেছেন। ইশা দেখছেন রিটেল বিজনেস, ই-কমার্স, লাক্সারি ব্র্যান্ড। টেলিকম বিজনেস, জিও, মুম্বই ইন্ডিয়ানস ক্রিকেট টিমের দায়িত্ব আকাশের। নিউ এনার্জি সেক্টরের দায়িত্ব অনন্তর। ২০২৪-এ মুকেশের রিলায়েন্স ফাউন্ডেশন ৪০৭ কোটি টাকা দান করেছে। ভারতে দানের পরিমাণের নিরিখে দ্বিতীয় স্থানে আম্বানি।

গৌতম আদানি

৫,৭৬০ কোটি মার্কিন ডলার

■ ২০৩০ সালে ৭০ বছর বয়সে তাঁর অবসরগ্রহণের পর দুই সন্তান করণ ও জিৎ এবং তাঁর দুই ভাইপো প্রণব ও সাগর আদানি গ্রপের সম্পত্তি ও শেয়ার সমানভাগে পাবেন। ২০২৪-এ আদানির দান ৩৩০ কোটি টাকা। জিতের বিয়েতে দান ১০ হাজার কোটি টাকা।

বিল গেটস

১৫,৫০০ কোটি মার্কিন ডলার

■ মাইক্রোসফটের সহ-প্রতিষ্ঠাতা জানিয়েছেন, তাঁর তিন সন্তান তাঁর মোট সম্পত্তির এক শতাংশেরও কম অর্থাৎ প্রত্যেকে ১.৫৫ বিলিয়ন ডলার করে পাবেন। বাকি অর্থ তাঁর দাতব্য সংস্থা গরিব মানুষের কল্যাণে ব্যয় করবে।

■ গেটসের কথায়, "আমার সন্তানরা ভালোভাবে বড় হয়েছে, শিক্ষা পেয়েছে। আমার সম্পদ উত্তরাধিকারসূত্রে পাওয়ার বদলে তাদের নিজস্ব সাফল্যে অর্জন করা উচিত। আমার ভাগ্য ও সুযোগের ছায়ায় থাকা উচিত নয়।"

এলন মাস্ক

৩৫,৯০০ কোটি মার্কিন ডলার

■ টেসলা, স্পেসএক্স, এক্স হ্যান্ডলের মালিক। সন্তানের সংখ্যা ১৩। তারা সবাই পাবে বাবার সম্পত্তির বিপুল অংশ। কিছু অংশ যাবে সমাজ কল্যাণের কাজে। টেক-টাইকুন জানিয়েছেন, তাঁর অবর্তমানে যোগ্যতম সন্তানের হাতেই যাবে কোম্পানির দায়িত্ব। প্রয়োজনে বাইরের কেউও নেতৃত্ব দিতে পারে।



স্টিভ জোবস

১,৩১০ কোটি মার্কিন ডলার

■ অ্যাপল-এর প্রতিষ্ঠাতা প্রয়াত স্টিভ জোবসের সম্পত্তির বর্তমান মালকিন তাঁর স্ত্রী লরিন পাওয়েল জোবস। বিশ্বের ধনীতম ব্যক্তিও বটে। জনহিতৈষী কাজের জন্য জনপ্রিয়। লরিন জানান, স্টিভের ইচ্ছা ছিল না তাঁর সৌভাগ্যে, পরিশ্রমে অর্জিত বিলিয়ন বিলিয়ন ডলার তিন সন্তান উত্তরাধিকার সূত্রে পাক। তাই যে সম্পদ লরিন স্বামীর সূত্রে পেয়েছেন তা সব পাবে না সন্তানরা। কল্যাণমূলক কাজে ব্যবহৃত হবে।



জেফ বেজোস

১৯,৩৩০ কোটি মার্কিন ডলার

■ অ্যামাজন-এর প্রতিষ্ঠাতার চার সন্তান। তাঁদের হাতে খুব অল্প সম্পদ দেবেন বলে জানিয়েছেন বেজোস। ছেলেমেয়ের চেয়ে বেশি অর্থ দেবেন সমাজকল্যাণমূলক ও পরিবেশ রক্ষার কাজে। সম্প্রতি সম্পত্তির আট শতাংশ বেজোস আর্থ ফান্ডকে দিয়েছেন।

ভিসা: বিদেশীদের হুঁশিয়ারি ট্রাম্পের

ওয়াশিংটন: বিদেশি নাগরিকদের বৈধ ভিসা থাকলেও আমেরিকায় থাকতে চাইলে বিশেষ একটি নিয়ম মানতে হবে। এমনটাই জানাল আমেরিকার প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সরকার। মার্কিন প্রশাসনের হুঁশিয়ারি, যে বিদেশি নাগরিকরা ৩০ দিনের বেশি সময় ধরে আমেরিকায় থাকছেন, তাঁদের অবশ্যই সরকারের কাছে নাম নথিভুক্ত করতে হবে। না করলে দিতে হবে জরিমানা। এমনকী, জেলও হতে পারে। যাঁরা এইচ-১বি বা পড়ুয়া ভিসায় আমেরিকায় রয়েছেন, তাঁদেরও এই নিয়ম মানতে হবে।

যাঁরা আমেরিকায় এইচ-১বি ভিসা বা পড়ুয়া ভিসায় রয়েছেন, তাঁদের উপরও এই নিয়মের প্রভাব পড়বে। রিপোর্ট বলছে, আমেরিকায় অভিবাসীদের সন্তানের বয়স ১৪ পার হলে, তাদের নতুন করে সরকারি দপ্তরে গিয়ে নাম নথিভুক্ত করতে হবে। নতুন করে আঙুলের ছাপ দিতে হবে। ১৪তম জন্মদিনের ৩০ দিনের মধ্যে এই কাজ করতে হবে তাদের। হোমল্যান্ড নিরাপত্তা বিভাগের তরফে বিবৃতি দিয়ে জানানো হয়েছে, অভিবাসীদের সন্তানের বয়স ১৮ পার হলে, তাঁদের সব সময় আমেরিকায় বসবাসের বৈধ নথি সঙ্গে রাখতে হবে। আমেরিকায় বসবাসকারী কানাডার নাগরিকদের জন্যও এই নিয়ম প্রযোজ্য।

মার্কিন প্রশাসনের হোমল্যান্ড নিরাপত্তা দপ্তর এক্স হ্যান্ডলে লিখেছে, 'যে বিদেশি নাগরিকেরা ৩০ দিনের বেশি সময় ধরে আমেরিকায় রয়েছেন, তাঁদের সরকারের কাছে নথিভুক্ত করতে হবে। না করলে জরিমানা এমনকী কারাবাস বা দুইই হতে পারে।'

এই পোস্টে ট্রাম্পের দপ্তরকে ট্যাগ করেছে প্রশাসন। তাদের হুমকি, এই নিয়ম না মেনে চললে দেশ থেকে বার করে দেওয়া হতে পারে। সে ক্ষেত্রে আমেরিকায় ফেরার পথ চিরতরে বন্ধ হতে পারে।

হোমল্যান্ড নিরাপত্তা বিভাগের সচিব ক্রিস্টি নোয়েম বিবৃতি দিয়ে বলেন, 'প্রেসিডেন্ট ট্রাম্প এবং আমার একটি স্পষ্ট বার্তা রয়েছে। যাঁরা এ দেশে অবৈধভাবে রয়েছেন, তাঁরা দেশ ছেড়ে চলে যান। এখনই দেশ ছেড়ে চলে গেলে আবার ফেরার সুযোগ পেতে পারেন। আমেরিকায় বাঁচার স্বপ্নপূরণ হতে পারে।' তিনি আরও জানিয়েছেন, অভিবাসন সংক্রান্ত যত আইন আমেরিকায় রয়েছে, সবই প্রয়োগ করা হবে। মাতৃভূমি এবং আমেরিকানদের স্বার্থেই এই কাজ করা হবে।

ইউক্রেনে ফের রুশ মিসাইল হামলা, হত ৩১

কিয়েভ: ফের ইউক্রেনে মিসাইল হামলা চালাল রাশিয়া। দেশটির উত্তর-পূর্বাঞ্চলে সামি শহরে রবিবার স্থানীয় সময় সকাল সওয়া দশটা নাগাদ আছড়ে পড়ে রুশ ক্ষেপণাস্ত্র। এই হামলায় কম করে ৩১ জন নিহত এবং ৮৪ জন আহত হয়েছেন বলে জানিয়েছে ইউক্রেন সরকার। আহতদের মধ্যে কয়েক জনের অবস্থা আশঙ্কাজনক। মৃতের সংখ্যা বাড়বে বলে মনে করা হচ্ছে। এই হামলা এমন এক সময় ঘটল, যখন আমেরিকা ও রাশিয়ার মধ্যে যুদ্ধবিরতি প্রতিষ্ঠার চেষ্টা চলছে। কারণ তিন বছরের বেশি সময় ধরে চলা রাশিয়া-ইউক্রেন যুদ্ধ থামাতে জোর দিচ্ছে নয়া মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রশাসন। সামি শহরের কেন্দ্রস্থলে ধ্বংসস্তূপের ভেতর ছড়িয়ে ছিটিয়ে থাকা দেহাবশেষ ও ধোঁয়ার ছবি ছড়িয়ে পড়েছে সামাজিক মাধ্যমে। ইউক্রেনের জরুরি সেবা বিভাগের প্রকাশিত ছবিতে দেখা যায়, দমকলকর্মীরা ধোঁয়া ও আগুন নিয়ন্ত্রণে কাজ করছেন।

সল্লুর ছবিতে বাধা

মুম্বই: সলমন খান লাগাতার প্রাণনাশের হুমকি পাচ্ছেন। তাই অতিরিক্ত সতর্ক হয়ে পড়েছেন তাঁর দীর্ঘ দিনের নিরাপত্তারক্ষী শেরা। রবিবার সকালে মুম্বই বিমানবন্দরে মানুষ সলমনের ছবি তুলতে গেলে মেজাজ হারান শেরা। তিনি বলেন, 'অনেক হয়েছে, যান বলছি। কেউ দাঁড়াবেন না এখানে, একদম কারও মুখ দেখতে চাই না।' পুলিশকেও তিরস্কার করেন শেরা। ঘটনার ভিডিয়ো ইতিমধ্যেই ভাইরাল!

ইউক্রেনকে দু'ভাগ করার প্রস্তাব

ওয়াশিংটন: রাশিয়া ও ইউক্রেনের যুদ্ধ চলছে তিন বছর ধরে। শান্তি স্থাপনের নানা প্রচেষ্টা ব্যর্থ হয়েছে। উভয় পক্ষের সঙ্গেই কথা বলেছে আমেরিকা এবং নানা প্রস্তাবও দিয়েছে। এ বার জানা গেল, ইউক্রেন-রাশিয়া শান্তিচুক্তির বিষয়ে একটি অভূতপূর্ব প্রস্তাব রেখেছেন ডোনাল্ড ট্রাম্প প্রশাসনের এক কর্তা। ইউক্রেনকে বেশ কয়েকটি ছোট ছোট প্রদেশে ভাগ করে রাশিয়া এবং ইউরোপীয় ইউনিয়নের হাতে তুলে দেওয়ার প্রস্তাব দিয়েছে আমেরিকা। সূত্রের খবর, গোটা ভাবনার নেপথ্যে রয়েছেন আমেরিকার বিশেষ কূটনীতিক স্টিভ উইটকফ। রাশিয়াকে চারটি এবং ইউরোপীয় ইউনিয়নকে আরও কয়েকটি ইউক্রেনীয় অঞ্চলের নিয়ন্ত্রণভার দেওয়ার প্রস্তাব রেখেছেন তিনি। তবে, এই 'চুক্তি' নিয়ে ট্রাম্প প্রশাসনের মধ্যে কৌশলগত পার্থক্য দেখা যাচ্ছে। গত সপ্তাহে রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের দূতের সঙ্গে একটি নৈশভোজে অংশ নিয়েছিলেন ট্রাম্প প্রশাসনের বেশ কয়েকজন গুরুত্বপূর্ণ ব্যক্তিত্ব। সেই নৈশভোজের ৪৮ ঘণ্টার মধ্যেই এই তথ্য প্রকাশ্যে এসেছে। উইটকফ বলেন, 'ইউক্রেনে যুদ্ধবিরতির সবচেয়ে সঠিক পথ হল ২০২২ সালে অবৈধভাবে দখল করার চেষ্টা করা চারটি পূর্ব ইউক্রেনীয় অঞ্চলের মালিকানা রাশিয়াকে দেওয়া।' আগেও এই জাতীয় প্রস্তাব দিয়েছেন স্টিভ। যদিও কোনও বারই রাশিয়ার কাছ থেকে সবুজ সংকেত পাননি তিনি।

হোয়াইট হাউসে এক বৈঠকের সময় প্রেসিডেন্ট ট্রাম্পের ইউক্রেন বিষয়ক বিশেষ দূত জেনারেল কিথ কেলিগ এই প্রস্তাবের বিরোধিতা করেন। তিনি বলেন, 'ইউক্রেন বিতর্কিত ভূমি সম্পর্কিত কিছু শর্ত নিয়ে আলোচনা করতে প্রস্তুত থাকতে পারে, কিন্তু তারা কখনওই একতরফাভাবে রাশিয়ার কাছে এই অঞ্চলগুলির সম্পূর্ণ মালিকানা হস্তান্তর করতে রাজি হবে না।'

শনিবার সেন্ট পিটার্সবার্গে প্রেসিডেন্টের গ্রন্থাগারে পুতিন ও উইটকফ বৈঠকে বসেন। তাঁদের বৈঠক প্রায় সাড়ে চার ঘণ্টা চলে বলে খবর। রাশিয়ার তরফে জানানো হয়েছে, 'ইউক্রেনে রাশিয়ার অধিকৃত অঞ্চলগুলিকে কেন্দ্র করে বিভিন্ন আলোচনা হয়েছে।' প্রসঙ্গত, গত ফেব্রুয়ারি মাস থেকে পুতিন ও উইটকফ এই নিয়ে তিনবার বৈঠক করলেন। রাশিয়ার রাজধানী মস্কোয় বৈঠকগুলি হয়েছে।

রুশ মিসাইলে কিয়েভে ধ্বংস ভারতীয় ওষুধ সংস্থার গুদাম

কিয়েভ: রাশিয়ার ক্ষেপণাস্ত্র হামলায় ইউক্রেনে এবার অগ্নিগ্রাসে ভারতীয় ওষুধের গুদাম। সম্পূর্ণরূপে ধ্বংস হয়ে গিয়েছে কিয়েভে অবস্থিত ভারতীয় ওষুধ সংস্থার ওই গুদামঘর। আর এই ঘটনার পর রাশিয়ান ড্রোনের সাহায্যে পরিকল্পিত হামলার অভিযোগ তুলেছে ইউক্রেন। শনিবার বিবৃতি দিয়ে কিয়েভ জানিয়েছে, নয়াদিল্লির সঙ্গে 'বিশেষ বন্ধুত্ব' থাকা সত্ত্বেও মস্কো ইচ্ছাকৃতভাবে ভারতীয় ওষুধ সংস্থার ওই গুদামঘর লক্ষ্য করে হামলা চালিয়েছে। হামলার পর ক্ষতিগ্রস্ত গুদামঘরের একটি ছবি প্রকাশ্যে এনেছে ইউক্রেনে নিযুক্ত ব্রিটিশ রাষ্ট্রদূত মার্টিন হ্যারিস। প্রসঙ্গত, রাশিয়া ও ইউক্রেন গত মাসেই যুদ্ধবিরতিতে রাজি হয়েছিল। কিন্তু দুইপক্ষই একাধিকবার সেই চুক্তি ভাঙার অভিযোগ তুলেছে। আর এই ঘটনার পর জরুরি ওষুধের সরবরাহ নিয়ে আশঙ্কা প্রকাশ করে প্রশ্ন উঠে গিয়েছে।

আন্তর্জাতিক সংবাদ মাধ্যমে যে খবর প্রকাশ হয়েছে সেখানে বলা হয়েছে, রাশিয়ার ছোড়া একটি মিসাইলের আঘাতে গুদামঘর সম্পূর্ণ ধ্বংস হয়ে যায়। এবার ওষুধের জোগান কোথা থেকে হবে, তা নিয়ে সংশয় তৈরি হয়েছে। ভারতেও এর প্রভাব পড়তে পারে। ইউক্রেনের ব্রিটিশ রাষ্ট্রদূত যে ছবিটি পোস্ট করেছেন, সেখানে দেখা যাচ্ছে একটি গুদাম। সেটি ভেঙে গিয়েছে, ধোঁয়া উঠছে। অগ্নিনির্বাপক যন্ত্রও রয়েছে। যদিও ভারত বা রুশ সরকারের পক্ষ থেকে এখনও এই বিষয়ে কোনও মন্তব্য করা হয়নি। জানা গিয়েছে, ইউক্রেনের রাজধানী কিয়েভে রাজীব গুপ্তা নামের এক ভারতীয় ব্যবসায়ীর একটি ফার্মাসিউটিক্যাল কোম্পানির গুদাম ছিল। কুসুম নামের ওই সংস্থা গুরুত্বপূর্ণ ও অত্যাবশ্যকীয় ওষুধের পাশাপাশি ইউক্রেনে শিশু ও বয়স্কদের জন্য ওষুধ তৈরি করে। রুশ মিসাইল কিয়েভে ভারতীয় ওষুধ সংস্থার এই গুদাম ধ্বংস করে দিয়েছে। রাশিয়ার প্রতিরক্ষা মন্ত্রক দাবি করেছে, ইউক্রেন গত কয়েক দিনে রাশিয়ায় পাঁচটি আক্রমণ চালিয়েছে।

GOVERNMENT OF WEST BENGAL

Corrigendum No. 2

e-NIT No: WBIW/EE/MDD/e-NIT-13(e)/2024-25 (Sl. No. 4)
Tender I.D.: 2025_IWD_827063_4

Number of on-line bids received is less than minimum allowed for 1st call of tender. Hence the following changes have been made under this Corrigendum.
Time schedule of the NIT has been revised as follows:

In place of	To be read as
Document Download end date - 09.04.2025 at 14.00 Hrs.	Document Download end date - 21.04.2025 at 14.00 Hrs.
Bid submission end date - 09.04.2025 at 14.00 Hrs.	Bid submission end date - 21.04.2025 at 14.00 Hrs.
Technical Bid opening date with preliminary result (TBO Sheet) - 11.04.2025 at 16.00 Hrs.	Technical Bid opening date with preliminary result (TBO Sheet) - 22.04.2025 after 14.0 Hrs.

All other terms and conditions of the said NIT will remain unchanged.
Sd/- Executive Engineer, Mograhat Drainage Division, Baruipur, South 24 Parganas
ICA-T7573(1)/2025

খেলা

করুণের দুরন্ত ইনিংসের দাম দিতে পারল না দিল্লি

সৌরাশিস লাহিড়ী

করুণ নায়ারের দুরন্ত ব্যাটিংও জেতাতে পারল না দিল্লিকে।

করুণ নায়ারের ইনিংসটা দেখতে দেখতে ভীষণ আবেগপ্রবণ হয়ে পড়ছিলাম। ছেলেটার অদম্য জেদ। আর ইচ্ছাশক্তি। টেস্ট ক্রিকেটে তিনশো রয়েছে। তারপরও খুব বেশি সুযোগ পায়নি। আইপিএলেও সেভাবে কেউ ওকে সুযোগ দেয়নি। নিজের রাজ্য কর্নাটক ছেড়ে বিদর্ভের হয়ে খেলছে। এই মরশুমে বিদর্ভের সাফল্যের পিছনে করুণের বড় অবদান রয়েছে। প্রচুর রান করেছে। এবারের আইপিএলেও দিল্লির হয়ে প্রথম চারটে ম্যাচে সুযোগ পায়নি। মুম্বই ইন্ডিয়ান্সের বিরুদ্ধে নায়ারকে খেলানো হল, ইম্প্যাক্ট ক্রিকেটার হিসেবে। প্রথম বলে ম্যাকগার্ক আউট হয়ে যাওয়ার পর নায়ার নামল। তারপর যে ইনিংসটা খেলল, বহুদিন মনে থেকে যাবে। কিন্তু দুঃখের হল, করুণের ৪০ বলে ৮৯ রানের বিধ্বংসী ইনিংসের পরও জিতল না দিল্লি। ম্যাচ শেষে ওকে দেখে বেশ খারাপই লাগছিল। তবে দিল্লি যে জিতল না, তার জন্য দায়ী দিল্লির বাকি ব্যাটাররা। অভিষেক পোড়েলও বেশ ভালো ব্যাটিং করল। অভিষেক আর করুণ যখন ব্যাটিং করছিল, মনে হচ্ছিল দিল্লি অনায়াসে জিতবে। করুণ যখন আউট হল, দিল্লির জেতার জন্য পঞ্চাশ বলে ৭০ রান দরকার। হাতে সাত উইকেট। টি-টোয়েন্টি ক্রিকেটে সহজ টার্গেট। দিল্লি হঠাৎই কেমন তালগোল পাকিয়ে ফেলল। না হলে উনিশতম ওভারে পরপর তিনটে রানআউট হয়! নায়ারের আউট হওয়ার পর দিল্লি ব্যাটিংয়ের কোনও পরিকল্পনা দেখতে পেলাম না। একইকম অবস্থা এদিন দিল্লি বোলিংয়েরও। মিচেল স্টার্ক, মোহিত শর্মা, মুকেশ কুমার-কেউই নিজের সেরা ছন্দে ছিল না। ব্যতিক্রম কুলদীপ যাদব। একটার পর একটা ব্রহ্মাস্ত্র নিজের ঝুলিতে তৈরি রাখে কুলদীপ। আর প্রতিপক্ষ বুঝে সেগুলো ব্যবহার করে। দুটো উইকেট নিল। চার ওভারে রান দল মাত্র ২৩। সেটাই কিছুটা ইতিবাচক দিল্লি বোলিংয়ের।

মুম্বই ব্যাটিংও যে খুব আহামরি হয়েছে, সেটা বলব না। রোহিত শর্মাকে চেনা ছন্দে পাওয়া যাচ্ছে না। সূর্যকুমারের (৪০) রানটা খারাপ না হলেও, টি-টোয়েন্টিতে ওর থেকে আরও একটু বিস্ফোরক ইনিংসের আশা থাকে সবসময়। অন্তত তিলক (৩৩ বলে ৫৯) যেভাবে খেলল, বা শেষদিকে নমন (১৭ বলে ৩৮ ন:আ:) যেটা করল, টি-টোয়েন্টিতে ইনিংসই দেখতে চায় সবাই। মুম্বই ২০ ওভারে ২০৫/৫ তোলে।

হার্দিক পাণ্ডিয়াদের সবচেয়ে বেশি স্বস্তি দিয়েছে জয়ে ফেরা। আইপিএলের শুরুটা খুব ভালো হয়নি হার্দিকদের। তবে এই জয় মুম্বইকে অনেক বেশি আত্মবিশ্বাস দেব।

সংক্ষিপ্ত স্কোর

মুম্বই ইন্ডিয়ান্স : ২০ ওভারে ২০৫/৫ (তিলক ৫৯, রায়ান ৪১, কুলদীপ ২/২৩)। **দিল্লি ক্যাপিটালস** : ১৯ ওভারে ওভারে ১৯৩ (করুণ ৮৯ অভিষেক ৩৩, কর্ণ ৩/৩৬)। মুম্বই জয়ী ১২ রানে।

জয়ের পথে ফিরতে মরিয়া চেন্নাই

লখনউ: রুতুরাজ গায়কোয়াড়ের জায়গায় অধিনায়ক হিসাবে ফিরে এসেছেন মহেন্দ্র সিং ধোনি। কিন্তু চেন্নাই সুপার কিংসের 'মন্দভাগ্য'-এর পরিবর্তন ঘটেনি। এখনও পর্যন্ত ইন্ডিয়ান প্রিমিয়ার লিগে সবথেকে খারাপ সময়ের মধ্যে দিয়ে চলা সিএসকে তাই ভীষণভাবেই চাইছে দুঃসময় কাটিয়ে জয়ে ফিরতে। সেই লক্ষ্যকে সামনে রেখে সোমবার লখনউ সুপার জায়ান্টসের বিরুদ্ধে খেলতে নামছে তারা। অন্যদিকে, লখনউ রয়েছে দুরন্ত ফর্মে। চিন্তা শুধু ঋষভ পন্থের ফর্ম।

আজ আইপিএলে
লখনউ সুপার জায়ান্টস
বনাম **চেন্নাই সুপার কিংস**
লখনউ, সন্ধে ৭.৩০
স্টার স্পোর্টস নেটওয়ার্ক

দাসপাড়া মোহনবাগান ফ্যান্স ক্লাব আয়োজিত কাউন্সিলর কাপের শেষ দিনে উপস্থিত ছিলেন রাজ্যের মন্ত্রী শশী পাঁজা, সৃঞ্জয় বোস, কলকাতা পুরসভার ডেপুটি মেয়র অতীন ঘোষ, কাউন্সিলর সুব্রত বন্দ্যোপাধ্যায়, অসীম ঘোষ। মূল উদ্যোক্তা ছিলেন কলকাতা পুরসভার তিন নম্বর বরো চেয়ারম্যান অনিন্দ্য রাউত। রবিবার।

শীর্ষেই রইল লিভারপুল

লন্ডন : ইংলিশ প্রিমিয়ার লিগে ঘাম ঝরিয়ে জয় পেল লিভারপুল। রবিবার আর্নে স্লটের দল ২-১ গোলে হারাল ওয়েস্ট হ্যামকে। ম্যাচের ১৮ মিনিটে লুইজ ডিয়াজের গোলে এগিয়ে যায় লিভারপুল। শুরু থেকেই প্রতিপক্ষের উপর চাপ তৈরি করেছিল তারা। ফলও পায় দ্রুত। প্রথমার্ধে আর কোনও গোল হয়নি। বিরতির পর লিভারপুলের আক্রমণ আরও বৃদ্ধি পায়। সুযোগও এসেছিল ব্যবধান বাড়ানোর। ফুটবলাররা লক্ষ্যে স্থির থাকতে পারেননি। খেলার গতির বিরুদ্ধেই ৮৬ মিনিটে আচমকাই নিজেদের জালে বল জড়িয়ে দেন লিভারপুলের অ্যান্ডি রবার্টসন। তবে দ্রুতই ধাক্কা সামলে নেয় তারা। ৮৯ মিনিটে ভার্জিল ভ্যান ডাইক চমৎকার হেডে গোল করে লিভারপুলের জয় নিশ্চিত করেন। এদিনের জয়ের ফলে লিভারপুল ৩২ ম্যাচে ৭৬ পয়েন্ট নিয়ে লিগ টেবলের শীর্ষে রয়েছে।

এদিন অপর একটি ম্যাচে চেলসি ২-২ গোলে ড্র করেছে ইপ্সউইচের বিরুদ্ধে। প্রথমার্ধেই ইপ্সউইচ দু'গোলে এগিয়ে যায়। বিরতির পর ম্যাচে ফিরে আসে চেলসি। আত্মঘাতী গোলে ব্যবধান কমায় তারা। জাডন স্যাঞ্চো ৭৯ মিনিটে গোল করে দলের হার বাঁচান। উলভস ৪-২ গোলে হারিয়ে দিয়েছে টটেনহ্যামকে। গতকাল ম্যাঞ্চেস্টার সিটি পিছিয়ে পড়েও ৫-২ গোলে হারিয়েছে ক্রিস্টাল প্যালেসকে। ম্যাঞ্চেস্টার ইউনাইটেডের দুঃসময় অব্যাহত। তারা এদিন ১-৪ গোলে হেরে গেল নিউক্যাসল ইউনাইটেডের কাছে। ইউনাইটেডের গোলদাতা গারনাচো। নিউক্যাসলের হয়ে জোড়া গোল করেন হার্ভি বার্নস। একট করে গোল করলেন সান্দ্রো তোনালি ও ব্রুনো গুইমারেস। এই জয়ের ফলে লিগ টেবলে চতুর্থ স্থানে ফিরে এল নিউক্যাসল। ইউনাইটেড রয়েছে ১৪তম স্থানে।

গোলের পর ভ্যান ডাইকের উচ্ছ্বাস।

জিতল রিয়াল, বার্সেলোনা

বার্সেলোনা : লা লিগায় কষ্টার্জিত জয় পেল রিয়াল মাদ্রিদ। রবিবার তারা ১-০ গোলে হারিয়েছে আলাভেসকে। রিয়ালের গোলদাতা কামাভিঙ্গা। ম্যাচে লাল কার্ড দেখেন কিলিয়ান এমবাপে। অন্যদিকে, শনিবার আত্মঘাতী গোলে জয় পেল বার্সেলোনা। তারা ১-০ গোলে হারিয়েছে লেগানেসকে। এদিনের জয়ের ফলে লিগ টেবলে নিজেদের শীর্ষস্থান আরও সুদৃঢ় করল বার্সা। এই জয়ের ফলে বার্সার পয়েন্ট দাঁড়াল ৭০।

অঙ্কুরের পদক

স্টাফ রিপোর্টার : ফ্রান্সের মেটজে ডব্লুটিটি ইয়ুথ স্টার কন্টেন্ডারে জোড়া পদক পেলেন অঙ্কুর ভট্টাচার্য। অনূর্ধ্ব ১৯ সিঙ্গলসে তৃতীয় হওয়ার পাশাপাশি ডবলসে রানার্স হয়েছে বাংলার এই প্যাডলার। রবিবার সিঙ্গলসের সেমিফাইনালে চাইনিজ তাইপের হাও-জেন ইয়াংয়ের কাছে ২-৩ গেমে হারেন তিনি। তার আগে ডবলসের ফাইনালে দক্ষিণ কোরিয়ার হাউক কাওন ও জাংমক লি-র কাছে ০-৩ গেমে হার মানেন অঙ্কুর ও তাঁর সুইডিশ সঙ্গী উইলিয়াম বার্জেনব্লক। অন্যদিকে, এই প্রতিযোগিতায় অনূর্ধ্ব ১৫ ছেলেদের সিঙ্গলসে রানার্স হয়েছেন ভারতের সৌরেন সোমান। ফাইনালে কলম্বিয়ার এমানুয়েল ওটালভারোর কাছে ০-৩ গেমে হার মানেন তিনি।

ইস্টার্ন কোলফিল্ডস লিমিটেড
(কোল ইন্ডিয়া লিমিটেডের একটি সহায়ক প্রতিষ্ঠান)
শাঁকতোরিয়া, পোস্ট- ডিসেরগড়, জেলা- পশ্চিম বর্ধমান, পিন- ৭১৩৩৩৩ (পঃবঃ)

বিজ্ঞপ্তি

"পণ্য সামগ্রী, কাজ ও পরিষেবা সংগ্রহের জন্য সিআইএল এবং এর সহযোগী সংস্থাগুলি দ্বারা জারি করা সমস্ত টেন্ডার এখানে উপলব্ধ ক) কোল ইন্ডিয়া লিমিটেডের ওয়েবসাইট : **www.coalindia.in,** খ) ইসিএলের ওয়েবসাইট : **www.easterncoal.nic.in,** গ) সিআইএল ই-প্রকিউরমেন্ট পোর্টাল: **https://coalindiatenders.nic.in,** ঘ) সেন্ট্রাল পাবলিক প্রকিউরমেন্ট পোর্টাল : **https://eprocure.gov.in.** এছাড়াও, জিইএম পোর্টালের মাধ্যমেও সংগ্রহ করা হয় : **https://gem.gov.in**"।

(আদেশানুসারে), ইসিএল

আমাদের অনুসরণ করুন **www.easterncoal.nic.in**

উত্তর পূর্ব রেলওয়েতে নন-ইন্টারলকিং কাজের জন্য ট্রেন চলাচলে নিয়ন্ত্রণ

সংশোধনী

উত্তর পূর্ব রেলওয়ের কুশমহী-